

উপবৃত্তি পাচ্ছে ১৩ লাখ ছাত্রী

যশোর ব্যঙ্গো

দেশের মাধ্যমিক স্তরের ১৩ লাখ ছাত্রীকে উপবৃত্তি প্রদান করা হয়। আর এ ব্যবস্থা প্রতি বছর সরকারের ব্যয় হয় অন্তত ৯০ কোটি টাকা। ওজুনার যশোরে মাধ্যমিক স্তরের ছাত্রীদের উপবৃত্তি প্রকল্প বাস্তবায়নে সমস্যা চিহ্নিতকরণ ও তাবিধ্যৎ কর্মপরিকল্পনা নির্ধারণ সংক্রান্ত এক কর্মশালায় এ তথ্য জানানো হয়। জেলা জুল অডিটোরিয়ামে অয়োজিত, এ কর্মশালায় প্রধান অতিথি ছিলেন প্রতিরিক্ত শিক্ষা সচিব, আশরাফুল মকসুদ। উপবৃত্তি প্রকল্প পরিচালক উপসচিব আবদুর হাক্কাকের সভাপতিত্বে আলোচনায় অন্যান্যের মধ্যে অংশ নেন বিশেষ অতিথি যুগসচিব নজরুল ইসলাম খান, জেলা প্রশাসক আবুয়াদ হোসেন, জেলা শিক্ষা কর্মকর্তা মোকসেদুল ইসলাম, উপজেলা নির্বাহী কর্মকর্তা জাহানারা বেগম প্রমুখ। কর্মশালায় আরও বদা হয়, যঠ শ্রেণীতে শতভাগ ছাত্রী উপবৃত্তি পেলেও পরবর্তী শ্রেণীতে তা ২৫ ভাগে নেমে আসে। আর এর মধ্যে শেষ পর্যন্ত ৮-১০ ভাগ ছাত্রী এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ হতে সক্ষম হয়। এ থেকে প্রতীয়মান হয়, উপবৃত্তি প্রকল্প চালু হলেও ছাত্রীদের লেখাপড়ার মান ততটা বাড়েনি।